অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/23/2021 **গভর্নর ক্যাথি হোকল**

দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলো ও অধিবাসীদের সাহায্য করার জন্য গভর্নর হোকলের আইনি প্যাকেজ স্বাক্ষর

এই আইন (S.1783-A/A.6057-A) স্বাস্থ্য কমিশনারকে নার্সিং হোমগুলোতে একটি সংক্রমণ পরীক্ষণ অডিট ও চেকলিস্ট বাস্তবায়নের নির্দেশ প্রদান করে

এই আইন (S.612-B/A.45436-B) দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচি উন্নত করতে সাহায্য করে

এই আইন (S.598-B/A.3922-A) একটি দীর্ঘমেয়াদী সেবা সংক্রান্ত টাস্ক ফোর্স প্রতিষ্ঠা করছে যা স্টেটের দীর্ঘমেয়াদী সেবা পরীক্ষণের দায়িত্ব পালন করবে

এই আইন (S.4652-B/A.6590-B) নিউ ইয়র্ক স্টেটে কেয়ারগিভিং শিল্পের সমৃদ্ধিতে সহায়তার জন্য একটি দীর্ঘমেয়াদী কৌশল অধ্যয়ন, উন্নয়ন, ও বাস্তবায়নের সুযোগ প্রদান করে

দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোকে সাহায্য করতে এবং দীর্ঘমেয়াদী সেবা ব্যবস্থাকে সহায়তা করতে গভর্নর ক্যাথি হোকল একটি আইনি প্যাকেজে স্বাক্ষর করেছেন। এই আইন (S.1783-A/A.6057-A) স্বাস্থ্য কমিশনারকে নার্সিং হোমগুলোতে একটি সংক্রমণ পরীক্ষণ অডিট ও চেকলিস্ট বাস্তবায়নের নির্দেশ প্রদান করে। S.612-B/A.45436-B আইনটি নার্সিং হোমে এবং আবাসিক সেবা কেন্দ্রগুলোর বাসিন্দাদের অ্যাক্সেসযোগ্যতা বৃদ্ধির জন্য স্টেটের দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচি (Long-Term Care Ombudsman Program) এবং সংশ্লিষ্ট কর্মসূচিগুলোতে কিছু ধারাবাহিক পুনর্গঠন নিয়ে এসেছে। S.598-B/A.3922-A স্টেটের দীর্ঘমেয়াদী সেবার পরিষেবাগুলোর অবস্থা অধ্যয়নের জন্য "দীর্ঘমেয়াদী সেবা সংক্রান্ত টাস্ক ফোর্সের পুনরায় ভাবনা" প্রতিষ্ঠা করে। S.4652-B/A.6590-B আইনটি অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক কমিশনারকে, স্বাস্থ্য, শ্রম ও OCFS কমিশনারদের সাথে পরামর্শক্রমে, নিউ ইয়র্ক স্টেটে কেয়ারগিভিং শিল্পের সমৃদ্ধিতে সহায়তার জন্য একটি দীর্ঘমেয়াদী কৌশল অধ্যয়ন, উন্নয়ন, ও বাস্তবায়নের জন্য নির্দেশ প্রদান করে।

"নিউ ইয়র্কবাসী হিসেবে আমাদের মধ্যে সবচেয়ে ঝুঁকিপূর্ণ লোকজনকে সুরক্ষিত রাখা আমাদের নৈতিক দায়িত্ব," **বলেছেন গভর্নর হোকল।** "দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে বসবাসকারী ব্যক্তিদের সম্ভাব্য সেরা চিকিৎসা পাওয়ার অধিকার রয়েছে, এবং এসব সেবা কেন্দ্র যে

সহানুভূতিসম্পন্ন সেবা ও সুরক্ষা প্রদান করছে তা জানার অধিকার তাদের প্রিয়জনদের রয়েছে। এসব বিল দীর্ঘমেয়াদী সেবা ব্যবস্থাকে আরো শক্তিশালী করে গড়ে তুলতে এবং যাদের সবচেয়ে বেশি প্রয়োজন সেসব নিউ ইয়র্কবাসীর জন্য মানসম্মত সেবা ও সহায়তা লভ্য থাকা নিশ্চিত করতে সাহায্য করবে।"

এই আইন (S.1783-A/A.6057-A) স্বাস্থ্য কমিশনারকে নার্সিং হোমগুলোতে একটি সংক্রমণ পরীক্ষণ অডিট ও চেকলিস্ট বাস্তবায়নের নির্দেশ প্রদান করে। এটি নার্সিং হোমের ফ্যাসিলিটিগুলোর জন্য সংক্রমণ নিয়ন্ত্রণ, ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম, কর্মী ব্যবস্থাপনা, ক্লিনিক্যাল সেবা, ও যোগাযোগ সম্পর্কিত মূল পারদর্শিতাগুলোর ভিত্তিতে একটি অডিট মূল্যায়ন চেকলিস্ট মেনে চলা আবশ্যক করবে। এই বিল আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠী সম্ভাব্য সেরা সেবা পাচ্ছে এবং নার্সিং হোমের কর্মীরা প্রস্তুত ও সুরক্ষিত রয়েছে তা নিশ্চিত করবে। যদি কোনো ফ্যাসিলিটি চেকলিস্ট মেনে না চলে, তাহলে সেই ফ্যাসিলিটি চেকলিস্ট মেনে চলার আগ পর্যন্ত স্বাস্থ্য বিভাগ (Department of Health) অব্যাহতভাবে অডিট চালিয়ে যাবে। এছাড়াও নার্সিং হোমগুলোকে অবশ্যই PPE-এর জন্য একজন কর্মীকে দায়িত্ব প্রদান করতে হবে এবং সংক্রমণ সংক্রান্ত একটি পরিকল্পনা রাখতে হবে যার মধ্যে কোভিড থেকে পাওয়া শিক্ষা যেমন কোহোর্টিং অন্তর্ভুক্ত থাকতে হবে। দণ্ডগুলোর মধ্যে নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে কোনো ফ্যাসিলিটির লাইসেন্স প্রত্যাহার বা স্থগিতকরণ অন্তর্ভুক্ত থাকতে পারে। মহামারী চলাকালীন সময়ে এই বিষয়টি স্পষ্ট হয়েছে যে বহু নার্সিং হোম কোভিড-19 এর বিস্তারের বিরুদ্ধে সুরক্ষা প্রদানের জন্য অপ্রস্তুত ও যথাযথ সরঞ্জামহীন অবস্থায় ছিল, যা অপ্রয়োজনীয় মৃত্যুর কারণ হয়েছিল। এই আইন ভবিষ্যতের যেকোনো সম্ভাব্য সংকটের জন্য প্রস্তুত করার জন্য সকল ফ্যাসিলিটির উন্নতি করবে।

সিনেটর জেমস স্কুফিস বলেন, "আমরা যে ব্যবস্থার উপর নির্ভরশীল হয়ে আছি এবং প্রায় ক্ষেত্রেই নিশ্চিত ব্যাপার হিসেবে ধরে নেই সে ব্যবস্থার বহু ত্রুটি এই মহামারী চলাকালীন সময়ে ফুটে উঠেছে। নার্সিং হোমগুলোতে কর্মরত বা বসবাসকারী ব্যক্তিরা কোভিড-19 এর সামনে সুরক্ষার ঘাটতি থাকার কারণে জীবন-মরণ সংক্রান্ত পরিস্থিতিগুলো সরাসরি দেখতে পেয়েছেন। এই আইন এসব নার্সিং হোম ফ্যাসিলিটির জন্য একটি নতুন জবাবদিহিতার স্তর যোগ করছে, এবং এই গুরুত্বপূর্ণ সুরক্ষাবেষ্টনীর জন্য সহায়তা করায় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

অ্যাসেম্বলি সদস্য প্যাট্রিক বি. বুরকে বলেন, "আমাদের বয়োবৃদ্ধ জনগোষ্ঠী এবং তাদের পরিবারগুলো যাতে নার্সিং হোম ফ্যাসিলিটিগুলোতে স্বাস্থ্য ও সুরক্ষাকে সবচেয়ে শীর্ষ অগ্রাধিকার হিসেবে বিবেচনা করা হচ্ছে সে ব্যাপারে আত্মবিশ্বাসী অনুভব করতে পারেন তা নিশ্চিত করা আমাদের জন্য অপরিহার্য। স্বাস্থ্য বিভাগকে নার্সিং হোমগুলোর জন্য একটি সংক্রমণ পরীক্ষণ অডিট ও চেকলিস্ট প্রতিষ্ঠা করার নির্দেশ প্রদানের মাধ্যমে, এটি আমাদের বয়স্ক জনগোষ্ঠীর অধিকার ও উন্নত জীবনমান নিশ্চিত করতে আরো এক স্তরের তদারকির ব্যবস্থা করছে। সেইসাথে, এসব ফ্যাসিলিটিতে একটি ধারাবাহিক কৌশল প্রদান করাটা ভবিষ্যতের কোনো প্রাদুর্ভাবের ক্ষেত্রে সবচেয়ে কার্যকর নিয়ন্ত্রণ ব্যবস্থা কাজে লাগানোর বিষয়টি নিশ্চিত করবে।"

S.612-B/A.45436-B আইনটি অফিস অব দ্যা স্টেট লং-টার্ম কেয়ার ওমবাডসম্যান (Office of the State Long-Term Care Ombudsman)-কে দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচির

বিজ্ঞাপন ও প্রচারণার জন্য নির্দেশ প্রদান করে। এটি স্বাস্থ্য কমিশনারকে, স্টেটের দীর্ঘমেয়াদী সেবা সংক্রান্ত ওমবাডসম্যান এবং দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোর লাইসেন্স বা সার্টিফিকেশনের জন্য দায়িত্বপ্রাপ্ত বিভাগগুলোর কমিশনারদের সাথে পরামর্শক্রমে, দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচির কর্মী ও স্বেচ্ছাসেবীদের দ্বারা, দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোর বাসিন্দাদের স্বাস্থ্য, সুরক্ষা ও সুস্থতা সম্পর্কিত বিষয়ে রিপোর্ট করার জন্য নীতিমালা ও কর্মপদ্ধতি প্রতিষ্ঠা করার নির্দেশ প্রদান করে। এছাড়াও এই বিলে আবাসিক স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোর মহামারীকালীন জরুরি পরিকল্পনার মধ্যে দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচির কর্মী ও স্বেচ্ছাসেবীদের অ্যাক্সেস অন্তর্ভুক্ত করা হয়েছে।

S.598-B/A.3922-A আইনটি একটি দীর্ঘমেয়াদী সেবা সংক্রান্ত টাস্ক ফোর্স প্রতিষ্ঠা কররে যেটি স্টেটের মধ্যে বাড়ি-ভিত্তিক ও সেবাকেন্দ্র-ভিত্তিক উভয় ধরনের দীর্ঘমেয়াদী সেবার অবস্থা পরীক্ষা করবে। এটি উন্নতির সম্ভাব্য মডেলগুলো বিবেচনা করবে এবং এটি নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী সেবার উপর কোভিড-19 মহামারীর প্রভাব এবং অধিকতর বিস্তৃত দীর্ঘমেয়াদী সেবা ব্যবস্থা উভয়টি পরীক্ষা করবে। এটি টাস্ক ফোর্সের জন্য দায়িত্ব ও অনুসন্ধানের বিষয়গুলো নির্ধারণ করে দেয়, টাস্ক ফোর্সের সদস্যতা নির্ধারণ করে দেয় এবং স্টেট অফিস ফর দ্যা এজিং (State Office for the Aging)-এর ডিরেক্টরকে সভাপতি হিসেবে নিযুক্ত করে। এছাড়াও এটি টাস্ক ফোর্সকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য স্টেটের সংস্থাগুলোকে নির্দেশ দিচ্ছে এবং টাস্ক ফোর্সের কাছ থেকে কোভিড-19 মহামারী সম্পর্কিত একটি রিপোর্ট পাওয়া আবশ্যক করেছে।

S.4652-B/A.6590-B আইনটি কেয়ারগিভিং খাতকে স্টেটের অর্থনৈতিক উন্নয়ন কৌশলের অংশ হিসেবে অন্তর্ভুক্ত করে। এটি অর্থনৈতিক উন্নয়ন বিষয়ক কমিশনারের জন্য নিউ ইয়র্ক স্টেটে কেয়ারগিভিং শিল্পের সমৃদ্ধিতে সহায়তার জন্য কিভাবে একটি দীর্ঘমেয়াদী কৌশল বাস্তবায়ন করা যায় সে ব্যাপারে অধ্যয়ন, উন্নয়ন, ও প্রস্তাব পেশ করা আবশ্যক করেছে। এই কৌশল অবশ্যই কেয়ারগিভিং শিল্পের সম্প্রসারণ, একটি দক্ষ কর্মীদল উন্নয়ন, নিয়োগ, ও ধরে রাখা, এবং কেয়ারগিভিং সেবা প্রদানের নতুন মডেল নিয়ে আসার জন্য প্রয়োজনীয় সহায়তা বিশ্লেষণ করা হয়েছে এমন একটি রিপোর্টে বিস্তারিতভাবে বর্ণনা করতে হবে।

সিনেটর র‍্যাচেল মে বলেন, "নিউ ইয়র্কের দীর্ঘমেয়াদী সেবা প্রদানের পদ্ধতি নিয়ে পুনরায় ভাবনার ক্ষেত্রে সামনের দিকে আজ একটি সাহসী পদক্ষেপ গ্রহণ করায় আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ। আমাদের প্রবীণরা তাদের প্রিয় কমিউনিটিতে, মর্যাদার সঙ্গে, তাদের পক্ষে যতদিন সম্ভব, বসবাস করার অধিকার রাখেন এবং এসব বিল তারা যাতে তা করতে সক্ষম হন তা নিশ্চিত করতে সাহায্য করার লক্ষ্যে গৃহীত একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমাদের দীর্ঘমেয়াদী সেবা ব্যবস্থা নিয়ে পুনরায় ভাবনা এবং একটি সতিকারের সেবামূলক অর্থনীতির ভিত্তি স্থাপনের মধ্য দিয়ে, আমরা আরো একবার নিউ ইয়র্ককে নেতৃত্বের অবস্থানে নিয়ে যাচ্ছি। এবং দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচি শক্তিশালী করার মাধ্যমে, আমরা এসব রেসিডেন্ট অ্যাডভোকেটদের কাছে নার্সিং হোমের বাসিন্দাদের সুরক্ষিত রাখার জন্য আরো বেশি সরঞ্জাম থাকা নিশ্চিত করবো। এসব বিলে তাদের সহযোগিতার জন্য আমি গভর্নর ও অ্যাসেম্বলির অংশীদারদের ধন্যবাদ জানাই এবং সতিকারের একটি বয়স-বান্ধব স্টেট গড়ে তুলতে তাদের সাথে অব্যাহতভাবে কাজ করার প্রত্যাশা রাখি।"

অ্যাসেম্বলি সদস্য সারাহ ক্লার্ক বলেন, "নিউ ইয়র্ক স্টেটের দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচির একটি প্রধান উদ্দেশ্য রয়েছে, এবং সেটা হলো নার্সিং হোম ও অন্যান্য দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোর বাসিন্দাদের পক্ষাবলম্বন করা, কিন্তু প্রায় অনেক ক্ষেত্রেই অভিযোগ ও ফোন কলের উত্তর পাওয়া যায় না অথবা দীর্ঘ বিলম্বের সম্মুখীন হতে হয়। এই আইন ওমবাডসম্যান কর্মসূচিকে আরো বেশি কার্যকর করে তুলতে প্রথমে শিক্ষা, প্রচারণা ও নিয়োগের মাধ্যমে স্বেচ্ছাসেবীদের সংখ্যা বৃদ্ধি করবে। দ্বিতীয়ত, কর্মসূচির কর্মী ও স্বেচ্ছাসেবীদের এবং অভিযোগগুলোর তদন্ত ও নিষ্পত্তিকারী স্বাস্থ্য বিভাগের মধ্যকার যোগাযোগ অধিকতর শক্তিশালী করার মাধ্যমে। এবং সবশেষে সব দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রের মহামারীকালীন পরিকল্পনার মধ্যে ওমবাডসম্যান অন্তর্ভুক্ত করার দ্বারা বাসিন্দাদের জন্য সবসময় একজন সমর্থনকারী থাকার সুযোগ নিশ্চিত করার মাধ্যমে। কোভিড-19 মহামারীর সময়জুড়ে এই কর্মসূচির পুনর্গঠনের প্রয়োজনীয়তা আরো খারাপ অবস্থার মধ্য দিয়ে ফুটে উঠেছে, কারণ চমকে দেয়ার মতো ডাটা এবং নার্সিং হোমে ঘটা মৃত্যু প্রকাশ করে দিয়েছে যে পূর্ববর্তী কর্মসূচিটি কাঙ্ক্ষিত উদ্দেশ্যগুলো পূরণ করতে সক্ষম হচ্ছে না। দীর্ঘমেয়াদী সেবার ওমবাডসম্যান কর্মসূচি পুনর্গঠন আইন (Long-Term Care Ombudsman Program Reform Act) বর্তমান কর্মসূচিকে শক্তিশালী করে যাতে আমরা আমাদের প্রবীণদের ও সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে আরো ভালোভাবে সুরক্ষিত রাখতে পারি।"

অ্যাসেম্বলি সদস্য ড. অ্যানা কেলেস বলেন, "গভর্নর হোকল "সেবার জন্য বিনিয়োগ আইন" স্বাক্ষর করেছেন দেখে আমি রোমাঞ্চিত। এই আইনটি সরাসরি সেবা, বাড়িতে প্রদান করা সেবা, চাইল্ড কেয়ার, প্রাপ্তবয়স্কদের সেবা, বেসরকারি ও অলাভজনক নার্সিং হোম ও আবাসিক কেন্দ্রগুলো সহ নিউ ইয়র্কের কেয়ারগিভিং শিল্পের উন্নতির জন্য আমরা যাতে একটি দীর্ঘমেয়াদী কৌশল অধ্যয়ন ও উন্নয়ন করতে পারি তা নিশ্চিত করবে। এই আইন ব্যবসায়িক ও অলাভজনক সংস্থাগুলো সহ কেয়ারগিভিং শিল্পের সম্মুখীন হওয়া দীর্ঘস্থায়ী চ্যালেঞ্জগুলো: কর্মীদলের অপর্যাপ্ত উন্নয়ন, নিয়োগ, ও ধরে রাখার ফলে সৃষ্ট কর্মী সংকটের পাশাপাশি আর্থিক সীমাবদ্ধতা মোকাবেলা করবে এমন একটি পরিকল্পনা নিশ্চিত করবে এবং কেয়ারগিভিং এর এমন একটি অভিনব ও নতুন পথের রূপরেখা তুলে ধরবে যা সেবা শিল্পব্যাপী সমতাপূর্ণ পরিষেবা প্রদান করবে। একটি শক্তিশালী সেবা শিল্প অর্থনৈতিক স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়ন উভয়ের ভিত্তি হিসেবে কাজ করে এবং আর্থিকভাবে স্থিতিশীল সেবাদানের প্রতিষ্ঠান, সেবাদানকারী কর্মীদলের জন্য সন্তোষজনক বেতনের কর্মসংস্থান, এবং সেবার সমতাপূর্ণ অ্যাক্সেস ছাড়া আমরা স্টেটব্যাপী লাগামহীন স্বাস্থ্যসেবা ব্যয় এবং ক্রমবর্ধমান দারিদ্র্য দেখতে থাকবো।"

অ্যাসেম্বলি সদস্য ক্যাটালিনা ক্রুজ বলেন, "আমাদের দীর্ঘমেয়াদী সেবা কেন্দ্রগুলোতে কোভিড-19 এর মারাত্মক প্রভাব স্টেটব্যাপী পরিবারগুলোকে মর্মান্তিকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। কিন্তু এই মহামারীর আগেও, এসব ফ্যাসিলিটিতে সেবার মান, আঘাত পাওয়া, এমনকি মৃত্যু ঘটা সহ চলমান সমস্যা বিদ্যমান ছিল। এই আইন স্বাস্থ্যসেবা খাতে কাজ করে যাওয়া সেরা মানসিকতার লোকদের একত্রিত করবে এবং আমাদের নার্সিং হোম, পুনর্বাসন কেন্দ্র এবং অন্যান্য দীর্ঘমেয়াদী সেবা পৌঁছে দেয়ার ব্যবস্থা ও প্রক্রিয়া কিভাবে উন্নত করা উচিত সেই রূপরেখা তৈরির সুযোগ প্রদান করবে। এই আইনটি আমাদের সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে প্রদান করা সেবার আধুনিকায়নে সাহায্য করার পাশাপাশি একই সময়ে অগণিত নিউ ইয়র্কবাসীর

জীবন রক্ষা করবে এবং জীবনযাপনের মান উন্নত করবে। এই গুরুত্বপূর্ণ বিলটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই এবং স্টেট সিনেটের এই বিলটি সমর্থন করায় সিনেটর র‍্যাচেল মে এর প্রশংসা করি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন